



AP
AP
১৩/০৮/২০২৪

ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন
সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন বিভাগ
নগর ভবন, ঢাকা।

শেখ হাসিনার মূলনীতি
গ্রাম শহরের উন্নতি

www.dsc.gov.bd

ডেকোরেটর নিবন্ধন বিজ্ঞপ্তি

প্রতিদ্বারা সকলের অবগতির জন্য জানানো যাচ্ছে যে, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর আওতাধীন বিভিন্ন সামাজিক অনুষ্ঠান কেন্দ্রের (Community Centre) সেবা মানোন্নয়নের লক্ষ্যে বিভিন্ন সেবা প্রদানকারী প্রতিষ্ঠান (Decorator) নিবন্ধনের কার্যক্রম গ্রহণ করা হয়েছে। সে লক্ষ্যে, অগ্রহী ডেকোরেটর প্রতিষ্ঠানসমূহকে মেয়র, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন বরাবর ১০০০/- (এক হাজার) টাকার পে-অর্ডার (অফেরতযোগ্য) জমা প্রদানপূর্বক আগামী ৩০ মে, ২০২৪খ্রি. তারিখ বৃহস্পতিবার বিকাল- ৪.০০ ঘটিকার মধ্যে প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তার দপ্তর হতে আবেদনপত্র সংগ্রহ ও জমা প্রদান করা যাবে। আবেদন পত্রের সাথে সামাজিক অনুষ্ঠান কেন্দ্রের শ্রেণী অনুযায়ী নির্ধারিত বাৎসরিক এককালীন টাকার পে-অর্ডার (সাথে ১৫% ভ্যাট এর পৃথক পে-অর্ডারসহ) উক্ত সময়ের মধ্যে প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা, ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন-এর কার্যালয়ে জমা প্রদানের জন্য অনুরোধ করা হলো। উল্লেখ করা যাচ্ছে, প্রতিটি সামাজিক অনুষ্ঠান কেন্দ্রের জন্য সর্বোচ্চ ৪ (চার) টি প্রতিষ্ঠানকে (Decorator) ২০২৪-২০২৫ অর্থবছরের জন্য নিবন্ধন করা হবে। একটি প্রতিষ্ঠান একাধিক সামাজিক অনুষ্ঠান কেন্দ্রের জন্য আবেদন করতে পারবে। সে ক্ষেত্রে তাকে পৃথক পৃথক আবেদনপত্রে পৃথক পৃথক পে-অর্ডার জমা দিতে হবে।

১৩.০৮.২৪
আকন্দ মোহাম্মদ ফয়সাল উদ্দীন
প্রধান সমাজকল্যাণ ও বস্তি উন্নয়ন কর্মকর্তা
ঢাকা দক্ষিণ সিটি কর্পোরেশন।
ফোন নং: ০২-২২৩৩৮৬৪৯৬

স্মারক নং-৪৬.২০৭.০০২.০৪.০০.০৭৫৫.২০২১-নূন ৫

তারিখঃ

১৫ এপ্রিল ২০২৪ খ্রিস্টাব্দ

সদয় অবগতি/প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য অনুলিপি প্রেরণ করা হলো (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নহে) :

- ১। সভাপতি/সদস্য-সচিব/সদস্য, সমাজকল্যাণ ও কমিউনিটি সেন্টার বিষয়ক স্থায়ী কমিটি ও সম্মানিত কাউন্সিলর ওয়ার্ড নং/সংরক্ষিত আসন....., চাদসিক।
- ২। সম্মানিত কাউন্সিলর সংশ্লিষ্ট ওয়ার্ড নং...../ সংরক্ষিত আসন....., চাদসিক।
- ৩। আঞ্চলিক নির্বাহী কর্মকর্তা (সকল), অঞ্চল-....., চাদসিক।
- ৪। জনসংযোগ কর্মকর্তা, চাদসিক (২টি বহুল প্রচলিত পত্রিকাতে বিজ্ঞপ্তিটি প্রকাশ করার অনুরোধসহ)।
- ৫। মেয়রের একান্ত সচিব (মেয়র মহোদয়ের সদয় অবগতির জন্য), চাদসিক।
- ৬। প্রধান নির্বাহী কর্মকর্তার স্টাফ অফিসার (প্রধান নির্বাহী কর্মকর্তা মহোদয়ের সদয় অবগতির জন্য), চাদসিক।
- ৭। পিস্টেম এনালিস্ট (ওয়েব সাইটে প্রচারের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য), চাদসিক।
- ৮। সহকারী সচিব, সাধারণ প্রশাসন শাখা, চাদসিক (নোটিশ বোর্ড টাঙ্গানোর ব্যবস্থাকরণের অনুরোধসহ)।
- ৯। সমাজকল্যাণ কর্মকর্তা/সহকারী সমাজকল্যাণ কর্মকর্তা, অঞ্চল-....., চাদসিক।
- ১০। সচিব মহোদয়ের ব্যক্তিগত সহকারী (সচিব মহোদয়কে সদয় অবগত করার জন্য), চাদসিক।
- ১১। কেয়ার টেকার,সামাজিক অনুষ্ঠান কেন্দ্র, চাদসিক।
- ১২। অফিস কপি।